

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি মাধ্যমিক-২ শাখা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯(২)- ১৮০

তারিখ: ২২ মাঘ, ১৪৩০  
০৫ ফেব্রুয়ারি, ২০২৪

বিষয়: ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা চলাকালীন ফেইসবুক, ইন্সটাগ্রাম, ইউটিউবসহ অন্যান্য সকল সামাজিক যোগাযোগ মাধ্যম মনিটরিং জোরদারকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ বৃহস্পতিবার হতে ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা সারাদেশে একযোগে শুরু হবে। এ উপলক্ষ্যে গত ২৮ জানুয়ারি, ২০২৪ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটি'র সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

“সিদ্ধান্ত-৪.১৫: পাবলিক পরীক্ষা নিয়ে ফেইসবুক, ইন্সটাগ্রাম, ইউটিউবসহ অন্যান্য সকল সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্ন ফাঁসের গুজব সৃষ্টিকারীদের পেইজ দ্রুত বন্ধের জন্য পূর্ব থেকেই ফেইসবুকসহ অন্যান্য কর্তৃপক্ষকে অবহিত করে বিটিআরসি-কে পত্র প্রেরণ করতে হবে।”

০২। বর্ণিতাবস্থায়, সুষ্ঠু ও সুন্দর পরিবেশে এসএসসি/সমমান পরীক্ষা-২০২৪ অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় মনিটরিং ও আইনশৃঙ্খলা কমিটি'র সভার উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১। সভার কার্যবিবরণী।


২। পরীক্ষার রুটিন .....পৃষ্ঠা।

চেয়ারম্যান

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)

আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২১২.১৯(২)- ১৮০

  
সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী  
উপসচিব


ফোন: ০২২২৩৩৫৬৭৮০

ইমেইল: govt.sec2@moedu.gov.bd

তারিখ: ২২ মাঘ, ১৪৩০  
০৫ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
০২. ডিআইজি, (অপারেশনস), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
০৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
০৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
০৬. যুগ্মসচিব (মাধ্যমিক-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

  
সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী  
উপসচিব